



জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর এর ব্যক্তিগত তথ্য

১. শিক্ষাগত যোগ্যতা:

জনাব হাছিনা বেগম, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট থেকে অনার্স ও মাস্টার্স ডিগ্রি এবং নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ থেকে অপর একটি মাস্টার্স ইন পাবলিক পলিসি অ্যান্ড ম্যানেজমেন্ট ডিগ্রি অর্জন করেছেন।

০২) চাকরির অভিজ্ঞতা:

তিনি জেলা প্রশাসকের কার্যালয়-নরসিংদী, গাজীপুর, ঢাকা ও ময়মনসিংহের সহকারী/সিনিয়র সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব/উপসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বিএমইটির উপ-পরিচালক (অর্থ ও কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং উপ-পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি ইউএনও নরসিংদী সদর এবং উপপরিচালক -বাংলাদেশ ফরম ও প্রকাশনা এবং সর্বশেষ ডেপুটি ওয়াকফ প্রশাসক হিসেবে ওয়াকফ প্রশাসকের কার্যালয়ে কাজ করেন। বর্তমানে তিনি জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে জামালপুর জেলায় কর্মরত আছেন।

০৩) পূর্ববর্তী চাকরির অভিজ্ঞতা:

তিনি বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক এবং কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাস্থিত হাজী আসমত কলেজ নামক একটি বেসরকারি কলেজের প্রভাষক ছিলেন।

০৪) প্রজেক্ট সংক্রান্ত কাজের অভিজ্ঞতা:

তিনি এমপিপিএম কোর্সে প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ে (৮২%) (এক্সট্রাঅর্ডিনারি) নম্বর পেয়েছেন। 'ফ্রিল্যান্সিং অ্যান্ড আউটসোর্সিং প্রজেক্ট ফর স্কিল ডেভেলপমেন্ট অব উইমেন' নামে একটি প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবেও তিনি কাজ করেছেন।

০৫) প্রশিক্ষণ:

তিনি দক্ষতা ও জ্ঞান অর্জনের জন্য ১২০তম এসিএডি প্রশিক্ষণ, ৩৭তম এফটিসি প্রশিক্ষণ, ৬০তম আইন ও প্রশাসন প্রশিক্ষণ, ৮৯তম সার্ভে অ্যান্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ, বাংলাদেশ ব্যাংক ফাউন্ডেশন ট্রেনিংসহ বিভিন্ন দেশি-বিদেশি প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।

০৬) বৈদেশিক প্রশিক্ষণ / এক্সপোজার ভিজিট / ভ্রমণের ইতিহাস:

তিনি দাপ্তরিক সফর, প্রশিক্ষণ ও অন্যান্য উদ্দেশ্যে কানাডা, মালয়েশিয়া, সিঙ্গাপুর, থাইল্যান্ড, নেপাল, ইন্দোনেশিয়া ও ভারতে (বেশ কয়েকবার) সফর করেছেন। এছাড়াও তিনি ইন্দোনেশিয়ার শিশুবান্ধব শহরের সর্বোত্তম অনুশীলন রপ্ত করেছেন। তিনি জেন্ডার ইস্যু, এসডিজি এবং জেন্ডার রেস্পন্সিভ বাজেটিং বিষয়েও বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত।

০৭) হাছিনা বেগমের কিছু প্রকাশনা রয়েছে যেমন-

(ক) "ধর্ষণ একটি ক্রমবর্ধমান সামাজিক সমস্যা-বাংলাদেশ প্রেক্ষিতে" ।

(b) "Re-integration Experiences of Returning Female Migrants",

(c) "Causes, Problems, Prospects and Impact of Female Migration from Bangladesh to Middle East" etc. She reviewed a project named "Application of Migration Policy for Decent Work".

০৮) অন্যান্য অভিজ্ঞতা:

তিনি বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি এবং হিউম্যান রাইটস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ-এ ইন্টার্নশিপ প্রোগ্রামে ইন্টার্ন শিক্ষার্থী হিসাবে কাজ করেছিলেন এবং তিনি দুটি ফিল্ড ওয়ার্ক রিপোর্টও জমা দিয়েছিলেন। তিনি বাংলাদেশের বহুব্রীহি থেকে "এসপিএসএস " কোর্স এবং যুক্তরাষ্ট্রের আটলান্টার জর্জিয়া ল্যাঙ্গুয়েজ টেক থেকে "ইংলিশ ল্যাঙ্গুয়েজ কোর্স" এর উপর একটি বিদেশী অনলাইন প্রশিক্ষণ কোর্সের অভিজ্ঞতা অর্জন করেছেন। তিনি সব শ্রেণিতে প্রথম এবং অনার্সে ৫ম এবং এসএসসি ও এইচএসসি পর্যায়ে ডাবল স্টার মার্কস পেয়েছেন।

০৯) বিশেষ দক্ষতা:

তিনি ইংরেজি ভাষায় ও কম্পিউটার চালনায় দক্ষ। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস একাডেমি, শাহবাগ, ঢাকায় অনুষ্ঠিত ০২ মাসব্যাপী ইংরেজি ভাষা কোর্স সম্পন্ন করেন। তিনি বর্তমানে বিসিসি, আইসিটি ডিভিশন, ঢাকার ৪৬তম পিজিডিআইসিটি কোর্সের একজন শিক্ষার্থী।

১০) পুরস্কার:

তিনি ইউএনও অফিস ভৈরব, কিশোরগঞ্জ, ডিসি অফিস কিশোরগঞ্জ ও ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে শিক্ষা ও চাকুরি ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী বিবেচিত হওয়ায় **জয়িতা এওয়ার্ড** এবং বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের উপপরিচালক থাকাকালীন **জাতীয় শুদ্ধাচার পুরস্কার** প্রাপ্ত হন।

১১) অন্যান্য কার্যক্রম:

তিনি রফিকুল ইসলাম মহিলা কলেজ, ভৈরব এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল থেকে আউটডোর গেমসে চ্যাম্পিয়নশিপ অ্যাওয়ার্ড লাভ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা শামসুন্নাহার হল ডিবেটিং ক্লাব থেকে ডিবেট পুরস্কারও লাভ করেন।

তারিখ- ১২/০৯/২০২৪